

Phone call between Prime Minister Shri Narendra Modi and H.E. Mr. Suga Yoshihide, Prime Minister of Japan

April 26, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং জাপানের প্রধানমন্ত্রী মিঃ সুগা ইয়োশিহিদে-র মধ্যে টেলিফোনে বার্তালাপ

এপ্রিল 26, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ জাপানের প্রধানমন্ত্রী মিঃ সুগা ইয়োশিহিদে-র সঙ্গে টেলিফোনে কথা বলেন।

দুই প্রধানমন্ত্রী পরস্পরের দেশে কোভিড-১৯ পরিস্থিতি নিয়ে আলোচনা করেন এবং বর্তমান মহামারীর ফলে উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষিতে বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক চ্যালেঞ্জগুলি নিয়ে মতবিনিময় করেন। বর্তমান সঙ্কট মোকাবেলায় দুই নেতাই ভারত ও জাপানের মধ্যে নিবিড় সহযোগিতার গুরুত্বের কথা উল্লেখ করে বলেন, দুই দেশকেই জরুরি কাঁচামাল ও প্রযুক্তির সরবরাহ সুনিশ্চিত করার পাশাপাশি এক নমনীয়, বৈচিত্র্যপূর্ণ এবং বিশ্বাসযোগ্য সরবরাহ শৃঙ্খল গড়ে তুলতে একযোগে কাজ করতে হবে। উৎপাদন এবং দক্ষতা উন্নয়ন ক্ষেত্রে নতুন অংশীদারিত্ব গড়ে তোলার বিষয়ে দুই নেতা আলাপ-আলোচনা করেন। এই প্রেক্ষিতে উভয়েই জোর দিয়ে বলেন, পারস্পরিক উদ্দেশ্যগুলি পূরণে এবং দক্ষতার ক্ষেত্রে উভয় দেশের মধ্যে সুসমন্বয় গড়ে তুলতে যত দ্রুত সম্ভব 'স্পেসিফায়েড স্কিন্ড ওয়ার্কার' চুক্তিটি কার্যকর করতে হবে। দুই দেশের মধ্যে সহযোগিতার উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে উভয় প্রধানমন্ত্রী মুম্বাই-আমেদাবাদ হাইস্পিড রেল প্রকল্পের কথাও উল্লেখ করেন। তাঁরা এই প্রকল্পের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেছেন।

উভয় নেতাই বর্তমান কোভিড মহামারীর সময় একে অপরের দেশে বসবাসকারী নাগরিকদের সবরকম সাহায্য ও তাঁদের পাশে দাঁড়ানোর জন্য যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার প্রশংসা করেন। এ প্রসঙ্গে উভয় প্রধানমন্ত্রীই বলেন, এ ধরনের সহযোগিতাকে আরও এগিয়ে নিয়ে যেতে হবে।

মহামারী মোকাবেলায় ভারতকে সাহায্যের জন্য প্রধানমন্ত্রী শ্রী মোদী সে দেশের প্রধানমন্ত্রী মিঃ সুগাকে ধন্যবাদ জানান। বর্তমান কোভিড পরিস্থিতি স্থিতিশীল হলেই অদূর ভবিষ্যতে প্রধানমন্ত্রী মিঃ সুগাকে ভারতে অভ্যর্থনা জানাবেন বলেও শ্রী মোদী আশা প্রকাশ করেন।

নিউ দিল্লি

এপ্রিল 26, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.